
# ২০২৬ সালের হজের জন্য হাজি নিবন্ধন-ভিসা কার্যক্রম শুরু




ছবি: সংগৃহীত

সৌদি আরব ২০২৬ সালের হজ মৌসুমের (১৪৪৭ হিজরি) ভিসা রোববার থেকে ইস্যু শুরু করবে। হজ ও ওমরাহ মন্ত্রণালয় এই ঘোষণা করেছে।

হজের প্রস্তুতি ২০২৫ সালের ৮ জুন থেকে শুরু হয়। প্রাথমিক পরিকল্পনা ও তথ্য আন্তর্জাতিক হজ দপ্তরে পাঠানো হয় এবং 'নুসুক মাসার' ডিজিটাল প্ল্যাটফর্মের মাধ্যমে তাঁবুশিবির ও অন্যান্য সেবার বিস্তারিত তথ্য ভাগ করা হয়। আবাসন ও মূল সেবার জন্য চুক্তি ১ রবিউল আউয়াল থেকে কার্যকর করা হয়েছে।

মক্কা ও মদিনায় আবাসন, পরিবহন ও অন্যান্য সেবা জানুয়ারির মধ্যে চূড়ান্ত করা হয়। প্রথম দফায় হাজিরা ১৮ এপ্রিল সৌদি আরবে পৌঁছাতে শুরু করবেন। এ বছর প্রায় ৭ লাখ ৫০ হাজার হাজি নিবন্ধন করেছেন, যার মধ্যে ৩০ হাজার সরাসরি প্যাকেজ বুক করেছেন। আন্তর্জাতিক হাজিদের জন্য ৪৮৫টি তাঁবুশিবির বরাদ্দ রয়েছে।

'নুসুক মাসার' ও ইলেকট্রনিক ওয়ালেট ব্যবহার করে চুক্তি ও আর্থিক কার্যক্রম পরিচালনা করা হচ্ছে, যা প্রক্রিয়া দ্রুত ও স্বচ্ছ করছে। মন্ত্রণালয় হজ নিরাপদ ও সুশৃঙ্খল করার জন্য সব সংশ্লিষ্ট দপ্তরের সময়সূচি অনুসরণ করতে আহ্বান জানিয়েছে।

সূত্র: গালফ নিউজ

LENS ASIA